**বিজ্ঞপ্তি নং ১৪/২০২৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
পায়রা বন্দর কর্তৃপক্ষ
কলাপাড়া, পটুয়াখালী - ৮৬৫০
www.ppa.gov.bd

নম্বর-১৮.২১.৭৮৬৬.০০০.০০১.১১.০০৭০.২৬.**৮৭২**

তারিখ: ১৩ বৈশাখ ১৪৩৩ / ২৬ এপ্রিল ২০২৬

## নিয়োগ বিজ্ঞপ্তি

পায়রা বন্দর কর্তৃপক্ষের রাজস্ব খাতে অস্থায়ীভাবে নিম্নলিখিত পদসমূহে সরাসরি নিয়োগের নিমিত্ত বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে http://ppa.teletalk.com.bd এ নিম্নবর্ণিত শর্তে অনলাইনে (Online) দরখাস্ত আহবান করা যাচ্ছে। অনলাইনে ব্যতিত অন্য কোন মাধ্যমে প্রেরিত আবেদন গ্রহণ করা হবে না।

| ক্রম | পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | বয়স | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১। | পাইলট (৳৩৫,৫০০-৬৭,০১০) | ০৪ (চার) টি | অনূর্ধ্ব ৩৫ বৎসর। | ক। মাস্টার (এফজি) বা ১ম শ্রেণি (ডেক) কম্পিটেন্সি সার্টিফিকেটসহ বিদেশগামী জাহাজের ১ম মেট হিসাবে ২ (দুই) বৎসরের অভিজ্ঞতা; অথবা<br>খ। ৩য় শ্রেণি (ডেক) কম্পিটেন্সি সার্টিফিকেটসহ বিদেশগামী জাহাজে ৮ (আট) বৎসরের সামুদ্রিক চাকরির অভিজ্ঞতা। |
| ২। | সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ) (৳২২,০০০-৫৩,০৬০) | ০১ (এক) টি | অনূর্ধ্ব ৩২ বৎসর। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স প্রকৌশলে ২য় শ্রেণি বা সমমানের সিজিপিসহ স্নাতক বা সমমানের ডিগ্রি। |
| ৩। | সহকারী প্রকৌশলী (যান্ত্রিক) (৳২২,০০০-৫৩,০৬০) | ০১ (এক) টি | অনূর্ধ্ব ৩২ বৎসর। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যান্ত্রিক প্রকৌশলে স্নাতক বা সমমানের ডিগ্রি। |
| ৪। | সহকারী পরিচালক (সমন্বয়) (৳২২,০০০-৫৩,০৬০) | ০১ (এক) টি | অনূর্ধ্ব ৩২ বৎসর (বিভাগীয় প্রার্থীগণের ক্ষেত্রে ৩৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য)। | ক। কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ১ম শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি ;অথবা<br>খ। ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি এবং ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি। |
| ৫। | সহকারী ড্রেজিং মাস্টার (৳২২,০০০-৫৩,০৬০) | ০১ (এক) টি | অনূর্ধ্ব ৩৫ বৎসর। | ক। ৩য় শ্রেণির ডিটিপি (ডিপার্টমেন্ট অব ট্রান্সপোর্ট) সার্টিফিকেট;<br>অথবা<br>খ। ৩য় শ্রেণির (ডেক) কম্পিটেন্সি সার্টিফিকেট এবং<br>গ। বিদেশগামী জাহাজে সেকেন্ড অফিসার হিসাবে ২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| ৬। | ইনল্যান্ড মাস্টার (প্রথম শ্রেণী) (৳১১,৩০০-২৭,৩০০) | ০১ (এক) টি | অনূর্ধ্ব ৪৫ বৎসর। | ক। কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ। ১ম শ্রেণীর ইনল্যান্ড মাস্টার সার্টিফিকেট;<br>গ। সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা ; এবং<br>ঘ। কর্ণফুলী বা পশুর নদীতে লাইটারেজ জাহাজ চালনায় এনডোর্সমেন্ট সার্টিফিকেট । |
| ৭। | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক (৳৯,৩০০-২২,৪৯০) | ০৩ (তিন) টি | অনূর্ধ্ব ৩২ বৎসর। | ক। কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>খ। কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং এর গতি প্রতি মিনিটে অন্যূন বাংলা ২০ ও ইংরেজি ২০ শব্দ। |
| ৮। | ড্যাটা এন্ট্রি অপারেটর (৳৯,৩০০-২২,৪৯০) | ০১ (এক) টি | অনূর্ধ্ব ৩২ বৎসর। | ক। কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ: তবে বিজ্ঞান বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা হবে; এবং<br>খ। ড্যাটা এন্ট্রি অপারেটর পদের স্ট্যান্ডার্ড অ্যাপটিটিউড টেস্ট (Standard Aptitude Test) পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। |
| ৯। | কার্পেন্টার (৳৯,৩০০-২২,৪৯০) | ০১ (এক) টি | অনূর্ধ্ব ৩২ বৎসর। | ক। কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ: তবে বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীগণের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা জেএসসি/অষ্টম শ্রেণি বা সমমান পর্যন্ত শিথিলযোগ্য; এবং<br>খ। কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে ২ বৎসর মেয়াদী কার্পেন্টিং/উড-ওয়ার্কিং ট্রেড কোর্স সার্টিফিকেট। |
| ১০। | লস্কর (৳৮,৫০০-২০,৫৭০) | ০৩ (তিন) টি | অনূর্ধ্ব ৩২ বৎসর। | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১১। | নিরাপত্তা রক্ষী<br>(৮৮,২৫০-২০,০১০) | ০৪<br>(চার) টি | অনূর্ধ্ব ৩২<br>বৎসর। | ক। কোন স্বীকৃত বোর্ড হতে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ। প্রার্থীদের অবশ্যই কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত নিম্নবর্ণিত শারীরিক যোগ্যতা সম্পন্ন হতে হবে:<br>(১) প্রার্থীকে সাহসী ও স্বাভাবিক অঙ্গবিন্যাসসহ সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। উচ্চতা: কমপক্ষে ৫ ফুট ৫ ইঞ্চি: বুকের মাপ: স্বাভাবিক কমপক্ষে ৩০ ইঞ্চি, প্রসারণ কমপক্ষে ৩২ ইঞ্চি।<br>(২) আবেদনকারীকে ৪০০ মিটার দৌড় ৮০ সেকেন্ডের মধ্যে সম্পন্ন করতে হবে এবং অবশ্যই সাঁতার জানতে হবে ।<br>(৩) আবেদনকারীর রক্তচাপ স্বাভাবিক হতে হবে।<br>(৪) আবেদনকারীর দৃষ্টিশক্তি কমপক্ষে ৬/৬ হতে হবে।<br>(৫) বর্ণান্ধ (Colour Blindness) গ্রহণযোগ্য নয়। নক্ নি (Knock Knee) এবং ফ্ল্যাট ফুট (Flat Foot) থাকলে অযোগ্য বলে বিবেচিত হবে দীর্ঘস্থায়ী অথবা সংক্রামক দূরারোগ্য ব্যাধিতে আক্রান্ত হয়ে থাকলে অযোগ্য বিবেচিত হবে। হেপাটাইটিস 'বি' নিগেটিভ (HBs Ag 'Negative') হতে হবে;<br>(৬) প্রার্থীর ওজন বাংলাদেশের সামরিক বাহিনীর জন্য অনুসৃত উচ্চতা ও বয়সভিত্তিক তালিকা অনুযায়ী স্বাভাবিক হতে হবে। |
| ১২। | পরিচ্ছন্নতা কর্মী<br>(৮৮,২৫০-২০,০১০) | ০১ (এক)<br>টি | অনূর্ধ্ব ৩২<br>বৎসর। | ক। অষ্টম শ্রেণি পাশ বা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>খ। সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |

**নিয়োগের শর্তাবলি** :

১। ০১ এপ্রিল ২০২৬ তারিখে প্রার্থীর বয়স ন্যূনতম ১৮ বছর এবং সর্বোচ্চ বয়স উপরের ছকের ৪ নম্বর কলাম অনুযায়ী হতে হবে।

২। সরকারি/আধা সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতি নিয়ে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় উক্ত অনুমতিপত্র দাখিল করতে হবে।

৩। অসম্পূর্ণ/ভুল তথ্য সংবলিত আবেদনপত্র কোনো কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল করা হবে।

৪। পদ অনুযায়ী লিখিত, মৌখিক ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। উক্ত পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৫। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা যে কোন পর্যায়ে বাতিল করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শন করে কোন প্রার্থী পরীক্ষায় উত্তীর্ণ বা চাকরি প্রাপ্ত হলে তার প্রার্থিতা বাতিলসহ চাকরি হতে যে কোন পর্যায়ে অব্যাহতি প্রদান/অপসারণ/বরখাস্ত করা হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৬। মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত আবেদনের প্রিন্ট কপিসহ সত্যায়িত ১ (এক) সেট সনদপত্রাদি দাখিল করতে হবে।

৭। কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি ও বিজ্ঞপ্তি বাতিল/সংশোধন করার অধিকার সংরক্ষণ করে। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৮। নিয়োগের ক্ষেত্রে 'পায়রা বন্দর কর্তৃপক্ষের কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০১৭' এবং সরকারের বিদ্যমান বিধি-বিধান অনুসরণ করা হবে।

৯। বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও পায়রা বন্দর কর্তৃপক্ষের নিজস্ব ওয়েবসাইট (www.ppa.gov.bd) এ পাওয়া যাবে। অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে।

১০। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি :

ক। পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://ppa.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(১) অনলাইনে আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ৩০ এপ্রিল ২০২৬ তারিখ সকাল ১০.০০ ঘটিকা হতে।

(২) অনলাইনে আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ২০ মে ২০২৬ তারিখ বিকাল ১৭.০০ ঘটিকা।

(৩) উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ অনলাইনে আবেদনপত্র জমা (Submit) করার সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টা (অর্থাৎ ২৩ মে ২০২৬ তারিখ বিকাল ১৭.০০ ঘটিকা পর্যন্ত) এর মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ। অনলাইন আবেদনপত্রে প্রার্থী তাঁর রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০) পিক্সেল ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০) পিক্সেল স্ক্যান করে নির্ধারিত স্থানে আপলোড করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ কিলোবাইট ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ ৬০ কিলোবাইট হতে হবে।

গ। অনলাইন আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু অনলাইনে আবেদনপত্র জমা করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ। প্রার্থী অনলাইনে পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট করা কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ। এসএমএস (SMS) প্রেরণের নিয়মাবলী: অনলাইনে আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং স্বাক্ষর আপলোড করে আবেদনপত্র জমা করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র জমা দেয়া প্রার্থীগণ একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন এবং তা প্রিন্ট অথবা

ডাউনলোড করে সংরক্ষণ করবেন। Applicant's Copy-তে একটি User ID নম্বর দেয়া থাকবে যা ব্যবহার করে প্রার্থী নিম্নবর্ণিত পদ্ধতিতে যে কোন টেলিটক প্রিপেইড মোবাইল নম্বরের মাধ্যমে অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে ০২ (দুই) টি এসএমএস করে পরীক্ষার ফি জমা দেবেন। বিশেষভাবে উল্লেখ্য, অনলাইন আবেদনপত্রের সকল অংশ পূরণ করে জমা করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত আবেদনপত্র গৃহীত হবে না।

প্রথম এসএমএস: **PPA<space>User ID লিখে 16222 নম্বরে পাঠাতে হবে।** প্রথম এসএমএস-এর উত্তরে আবেদনকারীর জন্য প্রযোজ্য ফি এবং একটি PIN নাম্বার পাঠানো হবে। এই ফি দিতে সম্মত থাকলে PIN নম্বরসহ দ্বিতীয় এসএমএস প্রেরণ করতে হবে।

দ্বিতীয় এসএমএস: **PPA<space>YES<space>PIN লিখে 16222 নম্বরে নম্বরে পাঠাতে হবে।** দ্বিতীয় এসএমএস-এর উত্তরে পেমেন্ট সফল হলে অভিনন্দন জানানো হবে এবং একটি পাসওয়ার্ড (Password) দেয়া হবে যা পরবর্তীতে পরীক্ষার প্রবেশপত্র নামানো ও ফলাফল দেখার জন্য প্রয়োজন হবে।

পরীক্ষার ফি: উপরের ছকে বর্ণিত ১-৫ নং ক্রমিকের পদের টেলিটক এর সার্ভিস চার্জসহ ২২৩ টাকা, ৬ নং ক্রমিকের পদের জন্য টেলিটক এর সার্ভিস চার্জসহ ১৬৮ টাকা, ৭-৯ নং ক্রমিকের পদের টেলিটক এর সার্ভিস চার্জসহ ১১২ টাকা এবং ১০-১২ নং ক্রমিকের পদের টেলিটক এর সার্ভিস চার্জসহ ৫৬ টাকা ফি দ্বিতীয় এসএমএস প্রেরণের পর কেটে নেয়া হবে।

চ। শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://ppa.teletalk.com.bd অথবা www.ppa.gov.bd এর ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে এসএমএস -এর মাধ্যম যথাসময়ে জানানো হবে। অনলাইন আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, এসএমএস পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ। এসএমএস-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী ডাউনলোড করে রঙিন প্রিন্ট করবেন। প্রার্থীকে এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক/মৌখিক পরীক্ষার সময়ে প্রদর্শন করতে হবে।

জ। শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত এসএমএস পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

(১) User ID জানা থাকলে PPA<space>Help<space>User<space>User ID লিখে 16222 নম্বরে নম্বরে পাঠান।

(২) PIN Number জানা থাকলে: PPA<space>Help<space>PIN<space>PIN লিখে 16222 নম্বরে নম্বরে পাঠান।

ঝ। অনলাইনে আবেদন করতে কোনো সমস্যা হলে vas.query@teletalk.com.bd এবং recruitment.ppa17@gmail.com ই-মেইলে যোগাযোগ করা যাবে।

২৬/০৮/২০২৫

মুহাম্মদ আবদুল হাই মিলটন (উপসচিব)
পরিচালক (প্রশাসন)
পায়রা বন্দর কর্তৃপক্ষ